

ভারতীয় ভিসা সেন্টার ও মার্কিন দূতাবাস বন্ধ থাকছে আজ

- A Monitor Desk Report

Date: 18 July, 2024



ঢাকাঃ সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলনকে কেন্দ্র করে অস্থিতিশীল পরিস্থিতির কারণে বৃহস্পতিবার (১৮ জুলাই) সবগুলো ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার (আইভিএসি) বন্ধ থাকবে। একই কারণে আজ ঢাকার মার্কিন দূতাবাস সাধারণ মানুষের জন্য বন্ধ থাকবে।

বুধবার (১৭ জুলাই) রাতে আইভিএসি-এর ওয়েবসাইটে এক বার্তায় ও ঢাকার মার্কিন দূতাবাসের ওয়েবসাইটে বন্ধ রাখার এ তথ্য জানানো হয়েছে।

আইভিএসি-এর ওয়েবসাইটে দেওয়া বার্তায় বলা হয়েছে, অস্থিতিশীল অবস্থার কারণে ১৮ জুলাই সব আইভিএসি বন্ধ থাকবে। আবেদনের পরবর্তী তারিখ এসএমএসের মাধ্যমে জানানো হবে।

অন্যদিকে, মার্কিন দূতাবাসের ভ্রমণ সতর্কতার হালনাগাদ তথ্যে বলা হয়েছে, সরকারি চাকরিতে কোটার বিরুদ্ধে শিক্ষার্থীদের বিক্ষোভ গত কয়েকদিন ধরে বিস্তৃত হয়ে ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকা এবং অন্যান্য শহরে ছড়িয়ে পড়েছে বলে খবর পাওয়া গেছে। সারা বাংলাদেশে কয়েকজনের মৃত্যু এবং শতাধিক আহত হয়েছে। পরিস্থিতি ক্রমশ অস্থিতিশীল হয়ে উঠছে। এ ধরনের বিক্ষোভ স্থানীয় পরিবহণ পরিষেবাগুলোকে প্রভাবিত করতে পারে এবং ঢাকায় আসা-যাওয়া কঠিন হতে পারে।

দূতাবাস বলেছে, মার্কিন নাগরিকদের সতর্কতা পালন করা উচিত এবং মনে রাখা উচিত বিক্ষোভ সংঘর্ষে পরিণত হতে পারে এবং সহিংসতায় রূপ নিতে পারে। সেজন্য বিক্ষোভ এড়িয়ে চলার পাশাপাশি কোনো বড় সমাবেশের আশপাশে থাকলে সতর্কতা অবলম্বন করুন।

এ ধরনের পরিস্থিতি বিবেচনায় বৃহস্পতিবার ঢাকার মার্কিন দূতাবাস সাধারণ মানুষের জন্য বন্ধ থাকবে। পাশাপাশি মার্কিন দূতাবাসের কর্মীদের কূটনৈতিক এলাকার বাইরে অন্যত্র চলাচল সীমিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

